

গ্রীসে প্রথম বারের মত প্রবাসীদের জন্য “আইনী সহায়তা” শীর্ষক কর্মশালা

গ্রীসের বাংলাদেশ দূতাবাসে এই প্রথমবারের মতো অনুষ্ঠিত হলো প্রবাসীদের জন্য ‘আইনী সহায়তা’ বিষয়ক কর্মশালা। গতকাল (১৯ জানুয়ারি ২০১৭) রবিবার বিকেলে দূতাবাস চত্বরে কর্মশালাটির উদ্বোধন করেন গ্রীসে নিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূত মোঃ জসীম উদ্দিন। গ্রীসে বসবাসকারী বিপুল সংখ্যক প্রবাসী বাংলাদেশী কর্মশালায় অংশগ্রহণ করেন। কর্মশালায় দূতাবাসের উদ্যোগে দুই জন বিশিষ্ট গ্রীক আইনজীবী নিকোলাস এঙ্গেলাকোস এবং পিয়াগোস কনস্টানটিনোস উপস্থিত ছিলেন। কর্মশালার শুরুতে সূচনা বক্তব্য রাখেন দূতাবাসের কাউন্সেলর ড. সৈয়দা ফারহানা নূর চৌধুরী। এরপর বাংলাদেশের রাষ্ট্রদূত মোঃ জসীম উদ্দিন অনুষ্ঠানিকভাবে কর্মশালার উদ্বোধন ঘোষণা করেন। রাষ্ট্রদূত তাঁর বক্তব্যে বলেন, প্রবাসী বাংলাদেশীগণ বিভিন্ন আইনী পরামর্শের জন্য দূতাবাসে আসেন। তাদেরকে সঠিক পরামর্শ এবং সহায়তা প্রদানের জন্য এই প্রথমবারের মত আইনী সহায়তা শীর্ষক কর্মশালার আয়োজন করা হলো। ভবিষ্যতেও এই ধরনের কর্মশালার আয়োজন অব্যাহত থাকবে এবং যেকোন আইনী সহায়তার জন্য দূতাবাসের দরজা সব সময় খোলা। তিনি আরো বলেন প্রবাসীরা বাংলাদেশের গৌরব, মাননীয় প্রধানমন্ত্রীর নেতৃত্বে বাংলাদেশ যে এগিয়ে যাচ্ছে, প্রবাসীরা সেই অগ্রযাত্রার গুরুত্বপূর্ণ অংশ। তাই প্রবাসীদের আইনী সহায়তা প্রদান করা সরকারের একটি গুরুত্বপূর্ণ নীতি। মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবসের মাসে আয়োজিত এই কর্মশালায় ভাষা শহীদের প্রতি এবং জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতি শ্রদ্ধাঞ্জলি করে রাষ্ট্রদূত প্রবাসীদের আইন মেনে সুন্দর জীবন যাপন করার এবং সেই সাথে দেশের অব্যাহত উন্নয়নে অবদান রাখার আহ্বান জানান।

কর্মশালায় দুইজন আইনজীবী প্রাঞ্জল ভাষায় গ্রীসে বৈধভাবে বসবাস করার নিয়মকানুন, বৈধতা অর্জনের উপায় এবং প্রবাসীদের আইনী অধিকার তুলে ধরেন। প্রবাসীদের জন্য তাদের বক্তব্যের বাংলা অনুবাদও করে দেওয়া হয়। এরপর দূতাবাসের প্রথম সচিব সুজন দেবনাথের সঞ্চালনায় আইন বিষয়ক প্রশ্ন-উত্তর পর্ব শুরু হয়। গ্রীসের বাংলাদেশ কমিউনিটির নেতৃবৃন্দ, গ্রীসে বসবাসকারী প্রবাসীদের বিভিন্ন রাজনৈতিক, সামাজিক, সাংস্কৃতিক, ব্যবসায়িক, আঞ্চলিক সংগঠনের নেতৃবৃন্দসহ সর্বস্তরের প্রবাসীগণ এই প্রশ্ন-উত্তর পর্বে অংশগ্রহণ করেন। এই কর্মশালায় তাঁরা আইন বিষয়ক বিভিন্ন প্রশ্ন উপস্থাপন করেন এবং আইনজীবীগণ তাদের প্রশ্নের উত্তর দেন। প্রায় চার ঘন্টাব্যাপী এই প্রশ্ন-উত্তর পর্বে প্রবাসীরা তাদের সমস্যা তুলে ধরেন এবং আইনজীবীদের মাধ্যমে দূতাবাস তাদের আইনী পরামর্শ প্রদান করে।



[Signature]
20.02.2017